



সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

Social Development Foundation (SDF)

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীনস্থ একটি স্বায়ত্তশাসিত সংস্থা

স্মারক নং: এসডিএফ/আরইএলআই/এইচআর/আরপি/ডিপি-২০২৪/১৭৮৭

তারিখ: ৩০/০৫/২০২৪

জনাব মো: আব্দুস সামাদ
আইডি # ১৬৭৫
জেলা ব্যবস্থাপক
সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)
জেলা অফিস, লালমনিরহাট।

বিষয়: বিভাগীয় মামলায় শাস্তি প্রদান।

যেহেতু, আপনি জনাব মো: আব্দুস সামাদ লালমনিরহাট জেলার আরইএলআই-০৫নং বাউরা ক্লাস্টারে কর্মরত ক্লাস্টার ফ্যাসিলিটিটর মোছা: আপেল বেগম-এর (৬) মাসের কর্মমূল্যায়ন ফর্ম-এ PART IV: COMMENTS ON APPRAISAL অংশে “Her tranfer was not proper channel” মন্তব্য করেছেন যা কর্তৃপক্ষের বৈধ সিদ্ধান্তকে অবজ্ঞার সামিল। উল্লিখিত মন্তব্যের জন্য আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। কারণ দর্শানোর নোটিশের পরিপ্রেক্ষিতে আপনার দাখিলকৃত জবাব অপ্রাসঙ্গিক ও অসামঞ্জস্যপূর্ণ যা কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হয়নি;

যেহেতু, আপনার জবাব পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, আপনি আপনার কৃত অপরাধের গুরুত্ব অনুধাবন করতে ব্যর্থ হয়েছেন;

যেহেতু, আপনার এহেন মন্তব্য অশালীন, অযাচিত, অনাকাঙ্ক্ষিত, শিষ্টচার বহির্ভূত, কর্তৃপক্ষের বৈধ সিদ্ধান্তকে অবজ্ঞা এসডিএফ-এর HR Policy and Manual মোতাবেক অসদাচরণের সামিল যা গুরুতর শাস্তিযোগ্য অপরাধ;

কিন্তু কর্তৃপক্ষ আপনার বয়স, আপনার কৃত প্রথম অপরাধ ও পারিপার্শ্বিকতাসহ সার্বিক বিষয়াদি বিবেচনায় নিয়ে আপনার প্রতি শেষবারের মত সদয় মনোভাব প্রদর্শন করে সংশোধনের সুযোগ প্রদানপূর্বক আপনাকে বর্তমান পদের বেতন স্কেলের সর্বনিম্ন ধাপে অবনমিত করা হ'ল অর্থাৎ সেক্ষেত্রে আপনার মূল-বেতন ৫৩,২০০/- টাকা (লেভেল-০৭) নির্ধারণ করা হ'ল। একইসাথে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত আপনার বাৎসরিক ইনক্রিমেন্ট প্রদান স্থগিত করা হ'ল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ড. অমিতাভ সরকার
ব্যবস্থাপনা পরিচালক
৩০/০৫/২০২৪

অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

- ১) পরিচালক, অর্থ ও ক্রয়, এসডিএফ, ঢাকা।
- ২) আঞ্চলিক পরিচালক (ভারপ্রাপ্ত), এসডিএফ, রংপুর।
- ৩) মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), মানব সম্পদ, এসডিএফ, ঢাকা।
- ৪) ব্যক্তিগত নথি।
- ৫) অফিস কথি।